

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩৯-আইন/২০০৯/২২৪২/শুল্ক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর Heading No 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code 8703.90.30 এর আওতাধীন Hybrid motor cars, CBU কে আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপনীয় সম-দয় সম্প-রক শুল্ক হইতে, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্ত

- (ক) চেসিস বৃকে তৈরী সালে এবং পরবর্তী বৎসরের ৩১ ডিসেম্বরের মধ্যে আমদানি করা অব্যবহৃত নতুন হাইব্রিড মোটর কারের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে, তবে পুরাতন, ব্যবহৃত বা রি-কন্ডিশন গাড়ীর ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে না ;
- (খ) আমদানিকৃত মোটর কার দুই বা ততোধিক শক্তির উৎস সমন্বিতভাবে কাজে লাগাইয়া পরিচালনায় সক্ষম হাইব্রিড মোটর কার হইতে হইবে;
- (গ) শর্ত (খ) তে উল্লিখিত যোগ্যতার সমর্থনে আমদানিকৃত মোটর কারের ম্যানুফ্যাকচারার কর্তৃক প্রদত্ত সনদপত্র গাড়ী খালাসের পূর্বেই সংশ্লিষ্ট শুল্ক কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে;
- (ঘ) শুল্কায়নের পূর্বে আমদানিকৃত মোটর গাড়ী হাইব্রিড কিনা তা “পরিশিষ্ট-ক” এর অধীন গঠিত কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক “পরিশিষ্ট-খ” মোতাবেক একটি প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং পরিদর্শন সম্পূর্ণ ক্রিত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারককে বহন করিতে হইবে।

“পরিশিষ্ট-ক”

কমিটি গঠন

[শর্ত (ঘ) দ্রষ্টব্য]

- ১। কমিটির গঠন।- নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথাঃ-

- (ক) সংশ্লিষ্ট কাস্টম হাউসের কমিশনার কর্তৃক মনোনীত অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন,
- (খ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের, যন্ত্রকৌশল বিভাগের প্রধান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, যিনি উহার সদস্য হইবেন;
- (গ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সহকারী পরিচালক পদ মর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা, যিনি উহার সদস্য হইবেন;
- (ঘ) সংশ্লিষ্ট শুক্রায়ন শাখার তত্ত্বাবধানকারী ডেপুটি/এসিস্টেন্ট কমিশনার, যিনি উহার সদস্য সচিব হইবেন।

“পরিশিষ্ট-খ”

(কমিটির প্রতিবেদন)

[শর্ত (ঘ) দ্রষ্টব্য]

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ আমদানিকারক মেসার্স
(নাম ও পূর্ণ ঠিকানা) মস্কি নিবন্ধন নং..... এলসি/আইপি নং
..... তারিখ ইনভয়েস নং.....তারিখ
শুক্র ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং তারিখ এর
মাধ্যমে আমদানিকৃত মোটরগাড়ী যাহার মডেল নং, চেসিস নং ইঞ্জিন নং
..... বিগত/অদ্য তারিখে সরেজমিনে পরিদর্শন করিয়া জাতীয়
রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং/২০০৯/শুক্র, তারিখ ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ মোতাবেক হাইব্রিড
মোটর গাড়ী হিসাবে প্রত্যয়ন করিতেছি।

স্বাক্ষর :

নাম :

পদবী :

তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

ভারপ্রাপ্ত সচিব।